

## ভর্তি

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ৬২ আসন শূন্য, অপেক্ষমাণ শিক্ষার্থীদের আবেদনের আহ্বান

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ২৩ আগস্ট ২০২৫, ১০: ৪৮



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে চতুর্থ ধাপে ভর্তির পরও ৬২টি আসন শূন্য আছে। এসব আসন পূরণে সশরীর উপস্থিত হয়ে ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীদের কাছ থেকে আবার আবেদন গ্রহণ করা হবে। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটির এক বিজ্ঞপ্তি থেকে এসব তথ্য জানা গেছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ২০২৪-২৫ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে চতুর্থ ধাপে ভর্তির পর বিভিন্ন ইউনিটে ১৮ আগস্ট পর্যন্ত ৬২টি আসন শূন্য রয়েছে। এসব আসনে ভর্তির জন্য ২৭ আগস্টের (বুধবার) কেবল আগে পছন্দক্রমের ফরম (Choice Form) পূরণকারী শিক্ষার্থীদের সশরীর উপস্থিত থেকে সকাল ৯টা থেকে বেলা ১টার মধ্যে সংশ্লিষ্ট ইউনিট অফিস কর্তৃক সরবরাহ করা নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক আবেদন করতে বলা হচ্ছে। নির্ধারিত সময়সীমার মধ্যে সশরীর আবেদন করতে ব্যর্থ হলে পরবর্তী সময়ে কোনো আবেদন বিবেচনা করা হবে না।

উল্লেখ্য, সর্বশেষ মেধাতালিকা, অর্থাৎ চতুর্থ মেধাতালিকা থেকে ভর্তির সুযোগপ্রাপ্ত সর্বশেষ মেধাক্রমের পর থেকে অপেক্ষমাণ তালিকায় থাকা ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীদের কাছ থেকে আবেদন গ্রহণ করা হবে।

বিশেষ দ্রষ্টব্যে বলা হয়েছে, আবেদনের সময় শিক্ষার্থীকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও পছন্দক্রমের ফরমের কপি সঙ্গে আনতে হবে। আবেদন জমা নেওয়ার পর শিক্ষার্থীদের মেধাক্রম ও পছন্দক্রম অনুসারে পরবর্তী ধাপে ভর্তির জন্য মেধাতালিকা প্রকাশ করা হবে।

\*বিস্তারিত জানতে তথ্য এখানে [ক্লিক করুন](#)

